

💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ নাবী (সাঃ)-এর পরিবার (البَيْتُ النَّبُوِيُ) রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

১০. সাফিয়াহ বিনতে হুওয়াই বিন আখতাব (রাঃ) (صَفِيَّةُ بِنْتُ حُيَىٌ بْنِ أَخْطَب) :

এ মহিলা ছিলেন বনি ইসরাঈলের অন্তর্ভুক্ত। বনু নাযীর গোত্রের সর্দার হুওয়াই বিন আখতাব এর কন্যা। খায়বার যুদ্ধে তাঁকে বন্দী করা হয়। কিন্তু রাসূলুল্লাহ তাঁকে নিজের জন্য মনোনীত করেন ও তার কাছে ইসলামের বাণী পেশ করায় তিনি ইসলাম গ্রহণ করেন। অতঃপর রাসূলুল্লাহ (ﷺ) তাঁকে আযাদ করে দিয়ে খায়বার বিজয়ের পর ৭ম হিজরীতে তাঁর সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। খায়বার হতে ফেরার পথে মদীনা হতে ১২ মাইল দূরে সাদ্দে সাহবা'তে উম্মুল মু'মিনীনের সাথে বাসর যাপন করেন। ৩৬ বা ৫২ হিজরীতে মৃত্যুবরণ করেন। তাঁকে বাক্কী' কবরস্থানে দাফন করা হয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6476

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন